

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd

স্মারক নং- ধবিম/হঃ শাঃ/৪-১৫৪/২০১৩ - ৬৭৬

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৫
০৪ মার্চ, ২০১৯

প্রজ্ঞাপন

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স Patuakhali Travel Air Service (H.L. NO-1099), 28/C/4, (2nd Floor), Toyenbee Circular Road, Motijheel C/A, Dhaka-1000 এর অংশীদার হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন;

০২। যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন ;

০৩। যেহেতু আপনার মাধ্যমে হজে গমনকারী আমিনা বেগম কর্তৃক কাউন্সেলর (হজ), মক্কা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেন :

“তঁার স্বামী জনাব মো: ইনসান আলী প্রমাণিক ১৫/০৮/২০১৮ তারিখে প্যারালাইসিস জনিত রোগে আক্রান্ত হলে কিং আব্দুল আজিজ হাসপাতালে ভর্তি করানো হয়। কিন্তু কোন উন্নতি হয়নি। তাকে জরুরি ভিত্তিতে দেশে ফেরত প্রেরণ করা প্রয়োজন। কিন্তু এজেন্সীর পক্ষ থেকে এয়ার এ্যামুলেপের মাধ্যমে দেশে ফেরত পাঠানোর বিষয়ে কোনরূপ সাহায্য সহযোগিতা করেনি”।

০৪। যেহেতু উক্ত অভিযোগের বিষয়ে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ এর ২৩.২ এ বর্ণিত উপায়ে গঠিত তদন্ত কমিটির মাধ্যমে অভিযোগকারী এবং এজেন্সীর মালিক/প্রতিনিধির উপস্থিতিতে উভয় পক্ষের শুনানী গ্রহণ করে অভিযোগের বিষয়ে তদন্ত করা হয়েছে ;


০৫। যেহেতু আপনার এজেন্সী Patuakhali Travel Air Service (H.L. NO-1099) এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে ;

০৬। যেহেতু এ মন্ত্রণালয়ের ১৭/১২/২০১৮ তারিখের স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০২.১৮-১৩৭৩ মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ ০৭ (সাত) দিনের মধ্যে জানানোর জন্য কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় ;

০৭। যেহেতু আপনি ২৩/১২/২০১৮ তারিখে লিখিত জবাব দাখিল করেছেন এবং জবাবে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডন করার মত কোনো তথ্য/প্রমাণ দাখিল করতে পারেননি, অসুস্থ হাজীকে চিকিৎসার বিষয়ে কোনো খোজ-খবর না রাখা এবং অভিযোগ তদন্তের জন্য হজ মিশনে বারবার তলব করা সত্ত্বেও হাজির না হওয়ায় হজযাত্রীগণ অবর্ণনীয় কষ্ট ভোগ করেছেন বিধায় আপনার জবাব গ্রহণযোগ্য নয় ;

০৮। যেহেতু উল্লিখিত কারনে জাতীয় হজ ওমরাহ নীতি ২০১৮ এর ২৩.১ (ক) এবং (ঙ) এ বর্ণিত শাস্তির কারনসমূহ বিদ্যমান;

০৯। সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ এর ২৩.২(গ) এবং (চ) মোতাবেক আপনার পরিচালিত Patuakhali Travel Air Service (H.L. NO-1099), 28/C/4, (2nd Floor), Toyenbee Circular Road, Motijheel C/A, Dhaka-1000 এজেন্সির হজ লাইসেন্স “২ (দুই) বছরের জন্য স্থগিত করা হল এবং ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা” করা হলো। আগামী ১৫.০৩.২০১৯ তারিখের মধ্যে উল্লিখিত জরিমানার টাকা ১-৩৫০১-০০০১-১৯০১ নং কোডে জমা প্রদান করার জন্য বলা হলো।


মোঃ শিক্কার আহমদ উছমানী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৩০৭
e-mail:morahajsection@gmail.com


জনাব মোঃ আঃ জস্কার হাওলাদার
অংশীদার

Patuakhali Travel Air Service (H.L. NO-1099),
28/C/4, (2nd Floor), Toyenbee Circular Road,
Motijheel C/A, Dhaka-1000.

নং- ধবিম/হঃ শাঃ/৪-১৫৪/২০১৩ - ৬৭৬

তারিখ: ০৪.৩. ২০১৯খ্রি.

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
 ৩. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা (এ এজেন্সির অনুকূলে প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
 ৪. উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা, তাঁকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
 ৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
 ৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 ৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
 ৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা(প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ এবং এ এজেন্সির অনুকূলে প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
 ৯. জনাব.....
 ১০. অফিস কপি।



মোঃ শিকুর আহমদ উচ্ছমানী
সিনিয়র সহকারী সচিব